



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর-২, ঢাকা।
ফোন : ৯০৩৫৩৫৫
(www.nha.gov.bd)

ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশী আগ্রহী সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের নিকট হতে এবং প্রকল্পে ক্ষতিগ্রস্তদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ এর আওতাধীন মিরপুরস্থ ১৬নং সেকশনে অবস্থিত আবাসিক ফ্ল্যাট প্রকল্প-এ সর্বমোট ৮টি ১৪ তলা ভবনের মধ্যে ৬টি ভবনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত কর্মচারীদের হতে ৬২৪টি (কমনস্পেসসহ ১৫৪৫ বর্গফুট আয়তনের ২০৮টি, কমনস্পেসসহ ১৩৩৮ বর্গফুট আয়তনের ৪১৬টি) এবং প্রকল্প স্থানে বসবাসকারী ক্ষতিগ্রস্তগণদের জন্য ২টি ভবনে কমনস্পেসসহ ৮৭৮ বর্গফুট আয়তনের ২০৮টি আবাসিক ফ্ল্যাট বরাদ্দের নিমিত্তে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। জামানতের টাকাসহ অন্যান্য তথ্যাদি ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাসে লিপিবদ্ধ রয়েছে। আবেদনপত্র সম্বলিত প্রসপেক্টাস নগদ ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরৎ যোগ্য) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিম্নলিখিত কার্যালয় হতে ২২/০৯/২০১৭ তারিখ হতে ৩০/১০/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় এবং জমা দেয়া যাবে। ঢাকার মিরপুরস্থ বাতিলকৃত 'আনন্দনগর' প্রকল্পের লটারীতে সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত ক্যাটাগরীতে বিজয়ী আবেদনকারীগণের মধ্যে যারা অদ্যাবধি জামানতের টাকা ফেরত নেননি, তারা মিরপুরস্থ ১৬নং সেকশনের ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে আবেদন করলে তাদের আবেদনপত্র অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। প্রসপেক্টাসে এ সংক্রান্ত বিস্তারিত উল্লেখিত রয়েছে।

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়ের ঠিকানা
১।	মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
২।	ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৩।	ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
৪।	ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৫।	চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
৬।	সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
৭।	রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
৮।	খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
৯।	দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর।

তাছাড়াও প্রবাসী আবেদনকারীগণ সরাসরি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট www.nha.gov.bd হতে প্রসপেক্টাসের নমুনা সংগ্রহ করে এতে বর্ণিত নিয়ম অনুযায়ী আবেদনপত্র জমা দিতে পারবেন।

মুনিফ আহমেদ

নির্বাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাগুক, মিরপুর, ঢাকা।